

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৮৪]

كتاب الاستغفار) क्रमा वार्थना मृलक निर्पि शावनी (کتاب الاستغفار)

পরিচ্ছেদঃ ৩৭২ : আল্লাহ তা'আলা মুমিনদের জন্য জান্নাতের মধ্যে যা প্রস্তুত রেখেছেন

(372) بَابُ بَيَانِ مَا أَعَدَّ اللهُ تَعَالَى لِلْمُؤْمِنِيْنَ فِي الْجَنَّةِ

আরবী

وَعَنِ ابنِ مَسعُود رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «إِنِّي لأَعْلَمُ آخِرَ أَهْلِ الجَنَّةِ دُخُولاً الجَنَّةَ . رَجُلٌ يَخْرُجُ مِنَ النَّارِ حَبُولًا ، فَيَقُولُ اللهُ _ عَنَّ وَجَلَّ _ لَهُ : اذْهَبْ فَادْخُلِ الجَنَّةَ ، فَيَأْتِيهَا ، فَيُخَيَّلُ إِلَيْهِ أَنَّهَا مَلأًى ، فَيَوُولُ اللهُ _ عَنَّ وَجَلَّ _ لَهُ : اذْهَبْ فَادْخُلِ مَثَلًا اللهُ _ عَنَّ وَجَلَّ _ لَهُ : اذْهَبْ فَادْخُلِ الجَنَّةَ ، فَيَأْتِيهَا ، فَيُخيَّلُ إِلَيهِ أَنَّهَا مَلأًى ، فَيَوْولُ اللهُ _ عَنَّ وَجَلَّ ـ لَهُ : اذْهَبْ فَادْخُلِ الجَنَّةَ ، فَيَوْولُ اللهُ _ عَنَّ وَجَلَّ ـ لَهُ : اذْهَبْ فَادْخُلِ الجَنَّةَ . فَإِنَّ لَكَ مِثْلَ الدُّنْيَا وَعَشرَةَ أَمْثَالِهَا ؛ أَوْ إِنَّ اللهُ _ عَنَّ وَجَلَّ ـ لَهُ : اذْهَبْ فَادْخُلِ الجَنَّةَ . فَإِنَّ لَكَ مِثْلَ الدُّنْيَا وَعَشرَةَ أَمْثَالِهَا ؛ أَوْ إِنَّ اللهُ عَلْمَ عَثْلَ الدُّنْيَا وَعَشرَةً أَمْثَالِ الدُّنْيَا ، فَيقُولُ : يَا رَبِّ وَجَدْتُهَا مَلأَى ، فَيقُولُ : لَكَ مِثْلَ الدُّنْيَا وَعَشرَةً أَمْثَالِ الدُّنْيَا ، فَيقُولُ : أَتَسْخَرُ بِي، أَوْ تَضْحَكُ بِي وَأَنْتَ المَلِكُ ؟» قَالَ: لَكَ مِثْلَ عَشرَةٍ أَمْثَالِ الدُّنْيَا ، فَيقُولُ : أَتَسْخَرُ بِي، أَوْ تَضْحَكُ بِي وَأَنْتَ المَلِكُ ؟» قَالَ: فَلَقَدْ رَأَيْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم ضَحِكَ حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ فَكَانَ يَقُولُ : «ذَلِكَ أَدْنَى أَهْل الجَنَّةِ مَنْزِلَةً ». متفق عليه

বাংলা

ে/১৮৯৩। ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "সর্বশেষে যে ব্যক্তি জাহান্নাম থেকে বের হয়ে জান্নাতে প্রবেশ করবে, তার সম্পর্কে অবশ্যই আমার জানা আছে। এক ব্যক্তি হামাগুড়ি দিয়ে [বা বুকে ভর দিয়ে] চলে জাহান্নাম থেকে বের হবে। তখন আল্লাহ আয্যা অজাল্ল্ বলবেন, 'যাও জান্নাতে প্রবেশ কর।' সুতরাং সে জান্নাতের কাছে এলে তার ধারণা হবে যে, জান্নাত পরিপূর্ণ হয়ে গেছে। ফলে সে ফিরে এসে বলবে, 'হে প্রভু! জান্নাত তো পরিপূর্ণ দেখলাম।' আল্লাহ আয্যা অজাল্ল্ বলবেন, 'যাও, জান্নাতে প্রবেশ কর।' তখন সে জান্নাতের কাছে এলে তার ধারণা হবে যে, জান্নাত তো ভরে গেছে।

তাই সে আবার ফিরে এসে বলবে, 'হে প্রভু! জান্নাত তো ভরতি দেখলাম।' তখন আল্লাহ আয্যা অজাল্ল্ বলবেন, 'যাও জান্নাতে প্রবেশ কর। তোমার জন্য থাকল পৃথিবীর সমতুল্য এবং তার দশগুণ [পরিমাণ বিশাল জান্নাত]!



অথবা তোমার জন্য পৃথিবীর দশগুণ [পরিমাণ বিশাল জান্নাত রইল]!' তখন সে বলবে, 'হে প্রভু! তুমি কি আমার সাথে ঠাট্টা করছ? অথবা আমার সাথে হাসি-মজাক করছ অথচ তুমি বাদশাহ [হাসি-ঠাট্টা তোমাকে শোভা দেয় না]।" বর্ণনাকারী বলেন, তখন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এমনভাবে হাসতে দেখলাম যে, তাঁর চোয়ালের দাঁতগুলি প্রকাশিত হয়ে গেল। তিনি বললেন, "এ হল সর্বনিম্ন মানের জান্নাতি।" (বুখারী-মুসলিম) [1]

English

(372) Chapter: Some of the Bounties which Allah has prepared for the Believers in Paradise

'Abdullah bin Mas'ud (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah () said, "I know of the last of the inhabitants of the Hell to be taken out from there and the last one to enter Jannah. He is a man who will come out of the Fire, crawling on all fours. Allah, the Rubb of glory and honour will say to him: 'Go and enter Jannah.' He will go to it and think that it is full up. He will then come back and say: 'O my Rubb, it is full up.' Allah will say to him: 'Go and enter Jannah.' He will again go to it and think that it is full up. So he will turn back. Allah will again say: 'Go and enter Jannah. For you have what is equal to ten times the world.' He will say: 'Are You making fun of me while You are the King?" At this I (i.e., the narrator) saw the Messenger of Allah () laugh till his premolars were visible and he said, "Such man will be the last dweller of Jannah in its lowest rank."

[Al-Bukhari and Muslim].

Commentary: The general habit of the Prophet (PBUH) was just to smile. But while telling about the gifts and honours about an ordinary person in Jannah, he could not help laughing in a manner that his molars became visible. The person on the lowest pedestal in Jannah will be given ten times better things and gifts that could he had on this earth. May Allah admit us into Jannah in His Mercy. Amin.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৫৭১, ৭৫১১, মুসলিম ১৮৬, তিরমিয়ী ২৫৯৫, ইবনু মাজাহ ৪৩৩৯, আহমাদ ৩৫৮৪, ৩৭০৬, ৩৮৮৯, ৪৩৭৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 32727$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন